
ইত্তেফাক



তারিখ ২৭/৮/৮৭
পৃষ্ঠা ... কলাম ...



# ডঃ হাসান জামানের ইন্তেকাল

বাসস জানায়, জেদ্দার বাদশাহ আবদুল আজিজ বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক এবং সংখ্যালঘু বিষয়ের পরিচালক ডঃ হাসান জামান (৫৩) হৃদরোগে আক্রান্ত হইয়া গত সোমবার লণ্ডনে ইন্তেকাল করেন (ইন্না...রাজেউন)। ডঃ জামান কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়েরও ভিজিটিং প্রফেসর ছিলেন। জেদ্দা গমনের উদ্দেশ্যে কেম্ব্রিজ হইতে লণ্ডন আসার পথে তিনি হৃদরোগে আক্রান্ত হন। তাঁহার লাশ জেদ্দায় নেওয়া হইবে এবং আগামী শনিবার মক্কায় দাফন করা হইবে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ কন্যা ও ২ পুত্র রাখিয়া গিয়াছেন।